ঋণ ও অগ্রিম বিভাগ

অপারেশন সার্কুলার নং: ০৩/২০২২ তারিখ: ২৪-০৪-২০২২

বিষয়: কৃষিভিত্তিক শিল্প স্থাপনে সহায়তার জন্য বাংলাদেশ সরকার কর্তৃক আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক-কে বরাদ্দকৃত ২০.০০ কোটি টাকা ব্যবহারের ঋণ নীতিমালা জারী এবং বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি।

২। দেশের অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে কৃষিভিত্তিক শিল্পের অবদান ক্রমাগতভাবে বৃদ্ধি পাচ্ছে। এ খাতের উন্নয়নের লক্ষ্যে পর্যাপ্ত পুঁজি সরবরাহের জন্য বিশেষায়িত ব্যাংকসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে বিবেচনায় এনে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক-কে ২০.০০ (বিশ) কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। বর্তমানে উক্ত ঋণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে নিম্নোক্তভাবে নীতিমালা জারি করণসহ পরিশিষ্ট "ক" মোতাবেক ২০টি শাখায় উক্ত তহবিল এর বরাদ্দ প্রদান করা হলো:

১.০। কর্মসূচীর নাম: সরকারি আর্থিক সহায়তায় কৃষিভিত্তিক শিল্প ঋণ।

২.০। কর্মসুচীর মেয়াদ: ২০২১-২০২২ অর্থ বছর হতে শুরু হয়ে ঘূর্ণায়মান তহবিল হিসাবে বিবেচিত হবে।

৩.০। কর্মসূচীর মূল উদ্দেশ্য:

১. আয় বৃদ্ধির জন্য স্থাপিত কৃষি ভিত্তিক প্রকল্পে অর্থায়ন করা;
২. কৃষি ভিত্তিক প্রকল্পের বিকাশ ঘটানো;

৪.০। যোগ্য উদ্যোক্তা:

১. বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য ও অত্র ব্যাংকের শেয়ারহোল্ডার (প্রযোজ্য সংখ্যক) হতে হবে।
২. ইকুইটি বহন করার ক্ষমতা থাকতে হবে;
৩. প্রস্তাবিত/সম্ভাব্য প্রকল্প/ শিল্পের উৎপাদিত পন্যের বাজারজাতকরণসহ প্রাসঙ্গিক অন্যান্য বিষয়ে স্বচ্ছ ধারনা থাকতে হবে;
৪. অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে দায়-দেনা থাকলে এবং সেক্ষেত্রে ঋণ খেলাপী হলে তিনি এ ঋণ পাওয়ার যোগ্য হবে না;

৫.০। ঋণের আবেদনের সময় যা যা প্রয়োজন:

১. আবেদনকারীর ২ (দুই) কপি সত্যায়িত ছবি;
২. গ্যারান্টরের ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
৩. আবেদনকারী ও গ্যারান্টরের জাতীয় পরিচয়পত্রের উভয় পার্শ্বের সত্যায়িত ফটোকপি;
৪. আবেদনকারী ও গ্যারান্টরের স্থানীয় চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;
৫. ব্যাংক শেয়ার ক্রয়ের প্রমানকের সত্যায়িত ফটোকপি; (অপারেশন সার্কুলার নং-৩৯/২০১৭ তারিখ ০৫-০৩-২০১৭ অনুযায়ী শেয়ার ক্রয় করতে হবে)।
৬. চাকুরীরত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি পত্র এবং ঋণ গ্রহণের অনাপত্তি পত্র;
৭. i) মূল দলিলের কপি/ভায়া দলিলের কপি
   ii) এস.এ/আরএস থেকে সকল পর্চার সার্টিফাইড কপি ,খারিজা পর্চা/ ডিসিআর/ হালসনের খাজনা পরিশোধের দাখিলার সত্যায়িত কপি/Non-Encumbrance সার্টিফিকেট;
   iii) প্রকল্প ভূমি স্থান নিজস্ব হলে প্রকল্প জমির মালিকানা সত্ত্বের দলিলাদি এবং ভাড়া হলে বৈধ ভাড়ার চুক্তি পত্র;

চলমান পাতা-০২

৮. ইকুইটির উৎস ও যোগান সম্পর্কে ঘোষনাপত্র থাকতে হবে;
৯. নিজস্ব বিনিয়োগের জন্য প্রয়োজনীয় অর্থের উৎস সম্পর্কে বাস্তবসম্মত ঘোষনাপত্র।

৬.০। ঋণের খাতসমুহ:

১. ফলজাত খাদ্য (জ্যাম, জেলি, জুস, আচার, সিরাপ, সস ইত্যাদি) উৎপাদনকারী শিল্প;
২. টিনজাত ফল প্রক্রিয়াকরণ (টমেটো, আম, পেয়ারা কাঁঠাল, আনারস ইত্যাদি);
৩. আটা, ময়দা, সুজি প্রস্তুতকরণ;
৪. চিড়া, মুড়ি প্রস্তুতকারী শিল্প;
৫. দুগ্ধ প্রক্রিয়াকরণ (আইসক্রিম, মিষ্টি, পনির, ঘি, দধি ইত্যাদি);
৬. লবন প্রক্রিয়াজাতকরণ শিল্প;
৭. জর্দ্দা , পান-মসলা, খয়ের ইত্যাদি উৎপাদনকারী শিল্প;
৮. হারবাল কসমেটিকস প্রস্তুতকারী শিল্প;
৯. হারবাল ঔষধ প্রস্তুতকারী শিল্প;
১০. কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্ট অন্যান্য শিল্প ও বাজারজাতকরণ;

৭.০। ডেট ইকুইটি:

ডেট ইকুইটি অনুপাত হবে ন্যূনতম ৭০:৩০। তবে ঋণ গ্রহনের ক্ষেত্রে কোন উদ্যোক্তা বেশী ইকুইটি প্রদানে আগ্রহী হলে তা অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে।

৮.০। কৃষি ভিত্তিক প্রকল্প ঋণ (ঘূর্ণায়মান):

প্রকল্প ব্যয় সর্বোচ্চ ১৫.০০ লক্ষ টাকা। তবে প্রকল্প ব্যয় উদ্যোক্তার ইকুইটিসহ সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত ব্যাংকের উল্লেখিত নীতিমালা অনুযায়ী ঋণ মঞ্জুর করা যাবে। ব্যাংকের ঋণ ২,০০,০০০ টাকার উর্দ্ধে হলে তা পর্যাপ্ত সহায়ক জামানত দ্বারা আবৃত থাকবে।

৯.০। কৃষি ভিত্তিক চলতি মুলধন ঋণ (ঘূর্ণায়মান):

প্রকল্পের প্রয়োজনীয়তার নিরীখে চলতি মুলধন ঋণ মঞ্জুর করা যাবে। তবে এক্ষেত্রে সহায়ক জামানত গ্রহন করতে হবে।

১০.০। ঋণ সীমা:

প্রকল্পের আকার ও ধরণের ভিত্তিতে সর্বোচ্চ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা।

১১.০। ঋণের মেয়াদ

১. **প্রকল্প ঋণ:** প্রকল্পের আকার ভেদে ঋণের মেয়াদ গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ০৩ (তিন) বছর। তবে প্রকল্পের আয়ের প্রকৃতি অনুযায়ী ঋণের মেয়াদকাল নির্ধারণ করা যাবে;
২. **চলতি মূলধন:** প্রকল্পের ধরণ অনুযায়ী চলতি মূলধনের মেয়াদ হবে সর্বোচ্চ ১ (এক) বছর;

১২.০। ঋণ মঞ্জুরী ক্ষমতা:

ক) আলোচ্য ঋণের আওতায় কোন গ্রাহককে প্রথম পর্যায়ে ঋণ মঞ্জুরী ক্ষমতা নিম্নোক্তভাবে প্রয়োগ করা যাবে:

ক্র: নং	পদবী	পদ	সর্বোচ্চ ঋণ মঞ্জুরী ক্ষমতা
১	ক) শাখা ব্যবস্থাপক	১। অফিসার/এসও	১.৫০ লক্ষ টাকা
		২। পিও/এসপিও	২.০০ লক্ষ টাকা
		৩। লোকাল অফিস	৩.০০ লক্ষ টাকা
	খ) আঞ্চলিক ব্যবস্থাপক		৩.০০ লক্ষ টাকা
	গ) উপ-মহাব্যবস্থাপক (ঋণ ও অগ্রিম)		৩.০১ লক্ষ টাকা হতে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত
	ঘ) মহাব্যবস্থাপক (অপারেশন), অপারেশন মহাবিভাগ		৫.০১ লক্ষ টাকা হতে ৮.০০ লক্ষ টাকা পর্যন্ত
	ঙ) উপব্যবস্থাপনা পরিচালক		৮.০১ লক্ষ টাকা হতে ৯.০০ লক্ষ টাকা পর্যন্ত
	চ) ব্যবস্থাপনা পরিচালক		৯.০১ লক্ষ টাকা হতে ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত

চলমান পাতা-০৩

খ) একই গ্রাহককে পরবর্তী পর্যায়ে সমপরিমাণ ঋণ প্রদানে ঋণের খাত নির্বিশেষে নিম্নোক্তভাবে ঋণ মঞ্জুরী ক্ষমতা প্রয়োগ করা যাবে:

ক্র: নং	পদবী	পদ	সর্বোচ্চ ঋণ মঞ্জুরী ক্ষমতা
১	ক) শাখা ব্যবস্থাপক	১। অফিসার/এসও	৩.০০ লক্ষ টাকা
		২। পিও/এসপিও	
		৩। লোকাল অফিস	
	খ) আঞ্চলিক ব্যবস্থাপক		৩.০১ লক্ষ টাকা হতে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত
	গ) উপ-মহাব্যবস্থাপক (ঋণ ও অগ্রিম)		৫.০১ লক্ষ টাকা হতে ৮.০০ লক্ষ টাকা পর্যন্ত
	ঘ) মহাব্যবস্থাপক (অপারেশন), অপারেশন মহাবিভাগ		৮.০১ লক্ষ টাকা হতে ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত

১৩.০। মূল্যায়ন কমিটি:

১. আঞ্চলিক ব্যবস্থাপক মঞ্জুরকারী হলে মূল্যায়ন ও সুপারিশকারী হবেন সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ও মাঠকর্মী;
২. ঋণের পরিমান ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্দ্ধে হলে মূল্যায়ন ও সুপারিশকারী হবেন সংশ্লিষ্ট মাঠকর্মী/সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক;

১৪.০। সুদের হার

১. প্রকল্প ঋণের ক্ষেত্রে সুদের হার বার্ষিক শতকরা ৮.০০ টাকা দৈনিক প্রোডাক্টের ভিত্তিতে। প্রকল্প ঋণের আদায়কৃত সুদের ৫/৮ (আট ভাগের পাঁচ ভাগ) ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহৃত হবে। অবশিষ্ট ৩/৮ (আট ভাগের তিন ভাগ) সুদ আয় হিসেবে ব্যাংক প্রাপ্য হবে;
২. চলতি মুলধন ঋণের সুদের হার বার্ষিক শতকরা ৯.০০ টাকা দৈনিক প্রোডাক্টের ভিত্তিতে। চলতি মূলধন ঋণের আদায়কৃত সুদের ৬/৯ (নয় ভাগের ছয় ভাগ) ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহৃত হবে। অবশিষ্ট ৩/৯ (নয় ভাগের তিন ভাগ) সুদ আয় হিসেবে ব্যাংক প্রাপ্য হবে;
৩. প্রকল্প ঋণ ও চলতি মুলধন ঋণের সুদ ত্রৈমাসিক ভিত্তিতে/হিসাব বন্ধের তারিখে সুদারোপ করতে হবে;

১৫.০। পরিশোধ সূচী:

- ব্যাংকের প্রচলিত নীতিমালার আওতায় বিতরণকৃত ঋণের বিপরীতে প্রকল্পের উৎপাদন ও বাজারজাতকরণ বিবেচনায় পরিশোধ সূচী/কিস্তির হার মাসিক ভিত্তিতে নির্ধারণ করা হবে;

১৬.০। আদায় পদ্ধতি:

- মঞ্জুরীপত্রের শর্তানুযায়ী ঋণের কিস্তি বাবদ আসল ও সুদ আদায় করা হবে।

১৭.০। জামানত ও দলিল সম্পাদন:

১. ৫০,০০০/- টাকা পর্যন্ত ঋণ বিতরণের ক্ষেত্রে জামানতের প্রয়োজনীয়তা নেই;
২. ৫০,০০১/- টাকা হতে ৫,০০,০০০/- পর্যন্ত ঋণের ক্ষেত্রে ঋণ আবেদনকারী/গ্যারান্টরের জমির মালিকানা সম্পর্কিত মুল দলিলপত্রাদি ও বিগত ১২ বছরের জামানতি সম্পত্তির নির্দায়ী সনদপত্র জমা রাখতে হবে;
৩. ৫,০০,০০০/- টাকার উর্দ্ধে ঋণের ক্ষেত্রে প্রকল্প ভূমি এবং প্রকল্প ভূমিসহ ইমারত, যন্ত্রপাতি, শিল্পের কাঁচামাল ও উৎপাদিত দ্রব্য ইত্যাদি প্রাথমিক জামানত হিসাবে বন্ধক থাকবে এবং সহায়ক জামানত গ্রহনপূর্বক স্থানীয় সাব রেজিষ্ট্রি অফিসের মাধ্যমে বন্ধকী দলিল সম্পাদন করতে হবে। বন্ধকী দলিল সম্পাদনের খরচ উদ্যোক্তাকে বহন করতে হবে।
৪. ডকুমেন্টস:
    - ডিপি নোট;
    - লেটার অব গ্যারান্টি;
    - তৃতীয় পক্ষের গ্যারান্টি (ঋণের নিরাপত্তা হিসাবে উদ্যোক্তার পরিবর্তে অন্য কোন ব্যক্তির জমির দলিলপত্র জমা রাখা/বন্ধক দেয়ার ক্ষেত্রে); তৃতীয় পক্ষের গ্যারান্টরের ক্ষেত্রে জামানতি সম্পত্তির চেইন ডকুমেন্টসহ সকল কাগজপত্র জমা দিতে হবে।
    - লেটার অব রিভাইভাল;
    - আবেদনকারীর ক্ষমতা অর্পণপত্র বা লেটার অব লিয়েন;

চলমান পাতা-০৪

- স্বামী/স্ত্রী (Spouse) এর জিম্মাদার পত্র;
- যথাযথভাবে স্বাক্ষরিত ও পূরণকৃত মেমোরেন্ডাম অব ডিপোজিট অব চেকসহ উদ্যোক্তা কর্তৃক স্বাক্ষরিত যে কোন তফসিলি ব্যাংকের সঞ্চয়ী/চলতি হিসাবের সুদসহ পাওনা টাকার সমপরিমাণ অংকের ০২ (দুই)টি চেক।
- লেটার অব হাইপোথিকেশন: ৩০০/- টাকা মুল্যের নন জুডিশিয়াল ষ্ট্যাম্পযুক্ত।
- মূল দলিল জমা রাখার স্মারকলিপি: ১৫০/- টাকা মুল্যের Adhesive ষ্ট্যাম্পযুক্ত ।
- তৃতীয় পক্ষের গ্যারান্টি: ৩০০/- টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পযুক্ত।

(বি: দ্র: ডকুমেন্ট সমুহ একজন আইন বিশারদের মতামত গ্রহনপূর্বক চূড়ান্ত করা যেতে পারে।)

১৮.০। মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম (ঋণ বীমা):

বিদ্যমান সমন্বিত ঋণ নীতিমালা ২০১৯ এর ২৩ নং অনুচ্ছেদ অনুযায়ী।

১৯.০। হিসাব কোড:

১. প্রকল্প ঋণের হিসাবায়নে নিম্নোক্ত কোডসমূহ ব্যবহার করতে হবে।

ক্রমিক নং	হিসাবের শিরোনাম	কোড নম্বর
১	সরকারি আর্থিক সহায়তায় প্রকল্প ঋণ	৩০৪২৩৭০০
২	সরকারি আর্থিক সহায়তায় প্রকল্প ঋণ (মেয়াদ উত্তীর্ণ)	৩০৪২৩৮০০
৩	সরকারি আর্থিক সহায়তায় প্রকল্প ঋণ (সুদ আয়)	২৯০১২২১০
৪	সরকারি আর্থিক সহায়তায় প্রকল্প ঋণ হতে সৃষ্ট ঘূর্ণায়মান তহবিল	১১৯১৮২০০

২. চলতি মূলধন ঋণের হিসাবায়নে নিম্নোক্ত কোডসমূহ ব্যবহার করতে হবে।

ক্রমিক নং	হিসাবের শিরোনাম	কোড নম্বর
১	সরকারি আর্থিক সহায়তায় চলতি মূলধন ঋণ	৩০৪১২০০০
২	সরকারি আর্থিক সহায়তায় চলতি মূলধন ঋণ (মেয়াদ উত্তীর্ণ)	৩০৪১২১০০
৩	সরকারি আর্থিক সহায়তায় চলতি মূলধন ঋণ (সুদ আয়)	২৯০১১১১০
৪	সরকারি আর্থিক সহায়তায় চলতি মূলধন ঋণ হতে সৃষ্ট ঘূর্ণায়মান তহবিল	১১৯১৮১০০

৩. উক্ত উভয় প্রকার ঋণের সুদ হতে সৃষ্ট তহবিল "ঘূর্ণায়মান তহবিল" হিসাব খাতে হিসাবায়ন করতে হবে।

এতদসংক্রান্ত অন্যান্য বিষয়ে হিসাব পরিপত্র নং ০২/২০২২ তারিখ ২০/০১/২০২২ অনুসরণ করতে হবে।

২০.০। আবেদন ফরমের মূল্য:

ঋণের আবেদন ফরমের মূল্য ঋণের সিলিং অনুযায়ী নিম্নোক্তভাবে প্রযোজ্য হবে:

ক্র: নং	ঋণের সিলিং	ঋণের আবেদন ফরমের মূল্য
১	১.০০ লক্ষ টাকা পর্যন্ত	৭৫/-
২	১.০০ লক্ষ টাকার উর্ধ্বে হতে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত	৩০০/-
৩	৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে যে কোন পরিমাণ	৪০০/-

২১.০। লোন প্রসেসিং ফি: বিতরণকৃত ঋণের উপর ০.২০% হারে অফেরতযোগ্য লোন প্রোসেসিং ফি প্রযোজ্য হবে। তবে, ন্যূনতম লোন প্রসেসিং ফি হবে ১০০/- (একশত) টাকা এবং সর্বোচ্চ হবে ১,০০০/- (এক হাজার) টাকা।

৩। এমতাবস্থায়, সংশ্লিষ্ট শাখাসমূহকে উপরোক্ত দিক-নির্দেশনাবলী অনুসরণপূর্বক কর্মসূচী বাস্তবায়নের পদক্ষেপ গ্রহনের জন্য নির্দেশ দেয়া হলো। ইতিপূর্বে জারীকৃত নীতিমালাটি (অপারেশন সার্কুলার নং-০৪/২০০৮, তারিখ ০৮-০৫-২০০৮) বাতিল বলে গন্য হবে। এ সার্কুলারের কোন বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে অত্র বিভাগে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

চলমান পাতা-০৫

৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে,

২৪.০৪.২০২২
বাদল চন্দ্র দেবনাথ
উপ-মহাব্যবস্থাপক
ফোন: ০২-২২২২২৬৮৭৯
avublad@gmail.com

সূত্র নং-২/২০/৩৩৭/ ৬৪৭৮ তারিখ: ২৪-০৪-২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। ষ্টাফ অফিসার টু চেয়ারম্যান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং উপ-পরিচালক (সমন্বয়), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
২। ষ্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ।
৩। ষ্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ।
৪। ষ্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন/ অপারেশন/হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (বিভাগ প্রধান, আইসিটি বিভাগ-কে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। বিভাগ প্রধান, প্রশিক্ষন ও মানব সম্পদ বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আলোচ্য খাতে সংশ্লিষ্ট ২০টি শাখা ও আঞ্চলিক কার্যালয় সমূহের এতদবিষয়ে যথাযথভাবে কার্যক্রম পরিচালনার জন্য দ্রুত প্রশিক্ষনের আয়োজন করতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
৭। সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৮। সংশ্লিষ্ট আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৯। সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
১০। প্রধান নির্বাহী, ইনফিনিটি টেকনোলোজি ইন্টারন্যাশনাল লিমিটেড, রোড নং ২৬, বাড়ী নং ৬৭৫, লেভেল ৩, মিরপুর ডিওএইচএস, ঢাকা।
১১। নথি/মহানথি।

২৪/০৪/২০২২
মোঃ শাহজাহান আকন্দ
সহকারী মহাব্যবস্থাপক
ফোন: ০২-৪৮৩১৩১৯১
avublad@gmail.com

পরিশিষ্ট-ক

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

ঋণ ও অগ্রিম বিভাগ

বিষয় : বাংলাদেশ সরকার হতে কৃষি ভিত্তিক শিল্প স্থাপনে প্রাপ্ত ২০.০০ কোটি টাকা এবং সৃষ্ট ঘূর্ণায়মান তহবিল বাবদ ৪.৪৪ লক্ষ টাকাসহ সর্বমোট ২০০৪.৪৪ লক্ষ টাকা ২০টি শাখার মধ্যে নিম্নোক্তভাবে বরাদ্দ প্রদান করা হলো:

ক্রমিক নং	অঞ্চলের নাম	শাখার নাম	বাজেট বরাদ্দের পরিমান (লক্ষ টাকায়)
০১	ঢাকা	হরিরামপুর	১০০.০০
০২	রংপুর	বদরগঞ্জ	১০০.০০
০৩	রংপুর	সৈয়দপুর	১০০.০০
০৪	রংপুর	আদিতমারী	১০০.০০
০৫	খুলনা	মনিরামপুর	১০০.০০
০৬	খুলনা	কেশবপুর	১০০.০০
০৭	খুলনা	ফকিরহাট	১০০.০০
০৮	ফরিদপুর	শরিয়তপুর	১০০.০০
০৯	কুষ্টিয়া	কুষ্টিয়া	১০০.০০
১০	বগুড়া	সাঘাটা	১০০.০০
১১	বগুড়া	ধুনট	১০০.০০
১২	বগুড়া	দুপচাচিঁয়া	১০০.০০
১৩	রাজশাহী	মোহনপুর	১০০.০০
১৪	দিনাজপুর	ডোমার	১০০.০০
১৫	দিনাজপুর	বিরল	১০০.০০
১৬	দিনাজপুর	দিনাজপুর	১০০.০০
১৭	খুলনা	তালা	১০৪.৪৪
১৮	দিনাজপুর	পীরগঞ্জ	১০০.০০
১৯	দিনাজপুর	বীরগঞ্জ	১০০.০০
২০	নারায়ণগঞ্জ	সোনারগাঁও	১০০.০০
মোট =			**২০০৪.৪৪**

২৪-০৪-২০২২
সাবিয়া আক্তার
প্রিন্সিপাল অফিসার

২৪/০৪/২০২২
মোঃ শাহজাহান আকন্দ
সহকারী মহাব্যবস্থাপক